



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

12 February 2026

7:35 AM IST

=====

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিভিন্ন প্রকল্পের উদ্বোধনের উদ্দেশ্যে আগামী শনিবার আসামে আসছেন। সফরকালে প্রধানমন্ত্রী ব্রহ্মপুত্র নদের ওপর নির্মাণ করা গুয়াহাটী ও উত্তর-গুয়াহাটী সংযোগী কুমার ভাস্কর বর্মা সেতুর উদ্বোধন করবেন।

এরপর প্রধানমন্ত্রী শ্রীমোদী গুয়াহাটীতে থাকা ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান, আই আই এমের অস্থায়ী প্রাঙ্গণ উদ্বোধন করবেন এবং কেন্দ্রীয় তহবিলে ক্রয় করা একশাট বৈদ্যুতিক বাস রাজ্য সরকারকে অর্পণ করবেন এবং প্রধানমন্ত্রী আমিনগাঁওয়ে হাইপার স্কেল তথ্য কেন্দ্রের উদ্বোধন করবেন। সফরকালে প্রধানমন্ত্রী গৌহাটীতে বি জে পির দলীয় কর্মীদের সঙ্গে এক বৈঠকেও অংশগ্রহণ করবেন।

প্রধানমন্ত্রীর আসাম সফর উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন----- বাইট

রাজ্যে এপর্যন্ত উচ্ছেদ অভিযান চালিয়ে ১ লক্ষ ২৫ হাজার ৩শ ২৬ বিঘা জমি দখলমুক্ত করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন। গতকাল দিসপুর লোকসেবা ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানান -----

বাইট

উল্লেখ্য বনাঞ্চলে উচ্ছেদ চালানোর ক্ষেত্রে রাজ্য সরকারের অধিকার রয়েছে বলে সুপ্রীম কোর্টের প্রদান করা নির্দেশের কথা মুখ্যমন্ত্রী সাংবাদিক সম্মেলনে অবগত করেন।

মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া পাহাড় জেলার থাংস্কো এলাকার অবৈধ কয়লা খনি বিস্ফোরণের ঘটনায় এপর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে ৩০ হয়েছে। পূর্ব জয়ন্তীয়া পাহাড় জেলার আয়ুক্ত মনিষ কুমার সাংবাদিকদের জানান যে গত ৫ই ফেব্রুয়ারী সংগঠিত এই বিস্ফোরণের ঘটনায় গত ৯ই ফেব্রুয়ারী পর্যন্ত ২৮ জন শ্রমিকের মৃতদেহ উদ্ধার করা হয়েছিল। এরপর শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আরো দুজন শ্রমিকের মৃত্যু হওয়ার ফলে মৃতের সংখ্যা ৩০ জনে বৃদ্ধি পেয়েছে। চিকিৎসাধীন অবস্থায় মৃত দুজন শ্রমিক কাছাড় জেলার কাটিগড়ার রামচন্দ্র বৈষ্ণব এবং নিমারুদ্দিন বলে জানা গেছে। জেলা প্রশাসন নিহত শ্রমিকদের নিকট আত্মীয়কে এককালীন সাহায্য প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে বলেও জেলা আয়ুক্ত জানান।

ৰাজ্যের মুখ্য নির্বাচনী আয়ুক্ত অনুরাগ গোয়েল জানিয়েছেন যে নির্বাচনী পঞ্জিয়ন আধিকারীকের কোন সিদ্ধান্ত মনঃপুত না হলে ভোটদাতারা ১৫ দিনের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেটের কাছে দাবী আপত্তি সংক্রান্ত আবেদন জানাতে পারবেন । এর পরও সন্তুষ্ট না হলে ৩০ দিনের মধ্যে মুখ্য নির্বাচনী আধিকারীকের কাছে দ্বিতীয় আবেদন দাখিল করা যাবে । গতকাল গুয়াহাটীত আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শ্রী গোয়েল জানান । ----- **বাইট**

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা কমিটির উদ্যোগে আজ শ্রীভূমির দলীয় কার্যালয়ে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের প্রয়ান দিবস সর্মপন দিবস হিসেবে পালন করা হয়েছে । জেলা সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে আয়োজিত সভায় পন্ডিত দীন দয়াল উপাধ্যায়ের জীবন ও আদর্শ নিয়ে শ্রীভূমি পৌরসভার সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব , আসাম প্রদেশ বিজেপির সদস্য শিবব্রত সাহা , আশীষ নাথ প্রমুখ বক্তব্য রাখেন ।

ধলাই বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বড়জালেঙ্গা উন্নয়ন খন্ডে বিধায়ক নীহার রঞ্জন দাস আজ ছয়টি মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিলান্যাস করেন । প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জন্য ২৫ লক্ষ টাকা করে মঞ্জুর করা হয়েছে । আজকের শিলান্যাস অনুষ্ঠানে বড়জালেঙ্গা মন্ডল সভাপতি অজয় দেব , জেলা পরিষদ সদস্য ধর্মেন্দ্র তিওয়ারি , আঞ্চলিক পঞ্চায়েত সভানেত্রী বুল্টি দেব প্রমুখ উপস্থিত ছিলেন ।

=====